**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 08-05-2025** **Desk in Charge : SM/ SDG**

**Time : 7.50 PM** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর ঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বর্তমান পরিস্থিতিতে তৃণমূল স্তরে রাজ্যগুলির সঙ্গে নিবিড় সমন্বয় বজায় রেখে কাজ করার ওপরে গুরুত্ব দিয়েছেন।

২/ বিদেশ সচিব বিক্রম মিশ্রী বলেছেন, পাকিস্তানের পক্ষ থেকে উত্তেজনাকর সমস্ত রকম পদক্ষেপের যোগ্য জবাব দিয়েছে ভারতীয় সেনা।

৩/ 'অপারেশন সিন্দুর' অভিযানের পর রাজ্যের সীমান্তবর্তী এলাকায় নজরদারি আরো বাড়ানো হয়েছে।

৪/ সরকারি কর্মীদের ছুটি বাতিলের ঘোষণা করেছে রাজ্য অর্থ দপ্তর।

৫/ বর্তমান পরিস্থিতিতে অসাধু ব্যবসায়ীরা নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম যাতে না বাড়াতে পারে, রাজ্য সরকার সেদিকে কড়া নজর রাখছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৬/ শিক্ষক নিয়োগ দুর্নীতিতে CBI মামলায় পার্থ চট্টোপাধ্যের জামিনের আবেদনের শুনানির ওপর ১৭'ই জুলাই পর্যন্ত স্থগিতাদেশ জারি করল সুপ্রিম কোর্ট।

*****************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বর্তমান পরিস্থিতিতে তৃণমূল স্তরে রাজ্যগুলির সঙ্গে নিবিড় সমন্বয় বজায় রেখে কাজ করার ওপরে গুরুত্ব দিয়েছেন। তিনি আজ নতুন দিল্লিতে বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের সচিবদের নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ের পাশাপাশি দপ্তরগুলির প্রস্তুতি এবং আন্তঃমন্ত্রক যোগাযোগ বাড়ানোর ব্যাপারে বৈঠকে আলোচনা হয়।

বিভিন্ন অত্যাবশ্যক পরিষেবায় কাজের ক্ষেত্রে যাতে সম্পূর্ণ নিরাপত্তা সুনিশ্চিত করা যায়, সেব্যাপারে বৈঠকে নির্দেশ দেন শ্রী মোদী। সেইসঙ্গে সরকারি বিভিন্ন সংস্থার মধ্যে সুষ্ঠু যোগাযোগ, আপৎকালীন পরিস্থিতির মোকাবিলার প্রস্তুতি ও সেরকম পরিস্থিতিতে তৎপরতা বাড়ানোর মতো বিষয়েও জোর দেওয়া হয়। সরকার যে জাতীয় নিরাপত্তা এবং নাগরিকদের সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ, সেকথাও দ্বর্থহীন ভাষায় জানান তিনি। তিনি বলেন, দেশ এখন যে এক সঙ্কটজনক সময়ের মধ্যে দিয়ে চলেছে। সেই পরিস্থিতিতে ক্রমাগত নজরদারি ও সতর্কতা বজায় রাখার ব্যাপারেও জোর দেওয়া প্রয়োজন।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা আরো মজবুত করা, ভুয়ো তথ্য ছড়ানো বন্ধ, গুরুত্বপূর্ণ পরিকাঠামোগুলির সুরক্ষা সুনিশ্চিত করার মতো বিষয়েও আলোচনা হয়। বর্তমান পরিস্থিতিতে বিভিন্ন মন্ত্রকের কাজের অগ্রগতি ও প্রস্তুতি খতিয়ে দেখেন প্রধানমন্ত্রী।

********************

নতুন দিল্লিতে আজ সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে বিদেশ সচিব বিক্রম মিশ্রী বলেন, পাকিস্তানের পক্ষ থেকে যেকোনো রকম পদক্ষেপই উত্তেজনা বাড়াতে নেওয়া হচ্ছে। আজ'ও এধরণের কিছু ঘটনা ঘটেছে, যার জবাব দিয়েছে ভারতীয় সেনা। আগামী দিনেও ভারত এভাবেই সক্রিয় থাকবে।

( বাইট- মিশ্রী/ অনলি টেররিস্ট )

তিনি বলেন, পহেলগাঁও-এ জঙ্গী হামলাই প্রকৃত অর্থে উত্তেজনার সূত্রপাত ঘটিয়েছে, যার শুধুমাত্র উচিত প্রত্যুত্তর দিয়েছে ভারত। 'অপারেশন সিন্দুর'-এ নিহত জঙ্গীদের রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্যের ছবিও বিদেশ সচিব তুলে ধরেন।

বৈঠকে উপস্থিত কর্ণেল সোফিয়া কুরেশী এবং উইং কমান্ডার ভ্যোমিকা সিং জানান, উত্তর পশ্চিম ভারতে পাকিস্তান সেনাঘাঁটি লক্ষ্য করে হামলা চালিয়েছে। ভারত'ও এর যোগ্য জবাব দিচ্ছে।

********************

পহেলগাঁওয়ে পর্যটকদের ওপর জঙ্গী হামলার জবাবে 'অপারেশন সিন্দুর'-এর প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর পৌরহিত্যে আজ এক সর্বদলীয় বৈঠক হয়। সংসদ ভবন চত্বরে ওই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, তৃণমূল কংগ্রেস নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় প্রমুখ উপস্থিত ছিলেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বৈঠকে, অপারেশন সিন্দুরের বিষয়ে সব নেতানেত্রীকে অবহিত করেন।

বিভিন্ন রাজনৈতিক দলের নেতা নেত্রীরা সকলেই একসুরে অপারেশন সিন্দুর ও সন্ত্রাসবাদ বিরোধী অভিযান চলাকালীন ভারতীয় সেনার শৌর্য ও সাহসের প্রশংসা করেন।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু পরে সাংবাদিকদের বলেন,বৈঠক যথেষ্ট গঠনমূলক হয়েছে এবং চলতি পরিস্থিতিতে রাজনৈতিক দলের নেতৃবৃন্দ দায়িত্ব এবং প্রজ্ঞার সঙ্গে তাদের মতামত ব্যক্ত করেছেন। অপারেশন সিন্দুর সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে। বিভিন্ন দলের নেতারা তাদের পরামর্শও দিয়েছেন। তারা সরকার এবং ভারতীয় সশস্ত্র বাহিনীকে সমর্থনের কথাও জানিয়েছে।

(বাইট-রিজেজু)

বৈঠকের পর কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেন, পাকিস্তানের বিরুদ্ধে ভারত সরকার যে পদক্ষেপ নিয়েছে তাতে কংগ্রেস, সরকারের পাশে আছে।

কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী সাংবাদিকদের বলেন,

ভারতীয় সেনা বাহিনীর প্রতি তার দলের পূর্ণ সমর্থন রয়েছে। সেই সঙ্গে ভারতীয় সেনা বাহিনীর কে শুভেচ্ছা জানিয়েছেন রাহুল গান্ধী।

********************

পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলা এবং তার প্রেক্ষিতে ভারতীয় সেনাবাহিনীর 'অপারেশন সিন্দুর' অভিযানের পর এরাজ্যের সীমান্তবর্তী এলাকায় নজরদারি আরো বাড়ানো হয়েছে। উত্তর ও দক্ষিবঙ্গে প্রতিবেশী বাংলাদেশ, নেপাল, ভূটান ও আসাম সীমান্তবর্তী এলাকায় BSF-এর পাশাপাশি রাজ্য পুলিশের টহলদারি বাড়ানো হয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, সুন্দরবনের জলপথেও পেট্রোলিং বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। শিলিগুড়িতে বাইশ কিলোমিটার এলাকায় 'চিকেনস নেক' করিডরকে সুরক্ষিত রাখতে নেওয়া হয়েছে বিশেষ ব্যবস্থা।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, বাংলাদেশের হাসিনা সরকারের পতনের পর থেকেই উত্তর ২৪ পরগণার পেট্রাপোল সীমান্তে BSF-এর টহলদারি বাড়ানো হয়েছিল। বর্তমান পরিস্থিতিতে তা' আরো জোরদার করা হয়েছে। সীমান্তবর্তী গ্রামের বাসিন্দারা সেখানে দ্রুত ফেন্সিং দেওয়ার'ও দাবি জানিয়েছেন। পেট্রাপোলের পাশাপাশি বাগদা ও গাইঘাটা সীমান্তবর্তী এলাকাতেও বাড়ানো হয়েছে নজরদারি।

********************

পাকিস্তানের লাহোর সহ একাধিক জায়গায় ভারতীয় সেনাবাহিনী আজ সকালে আক্রমণ চালানোর পর পুরুলিয়ায় বিজেপি নেতা কর্মী সমর্থকরা আজ আনন্দে মেতে ওঠেন। সেনাদের মঙ্গল কামনায় তাঁরা কালী মন্দিরে পুজো দিয়ে প্রার্থনা করেন।

কোচবিহারেও ভারতীয় সেনাবাহিনীর মঙ্গল কামনায় মদনমোহন মন্দিরে পুজো দেন জেলার বিজেপি নেতৃবৃন্দ। ছিলেন দলের জেলা সভাপতি অভিজিত বর্মণ, দুই বিধায়ক নিখিল রঞ্জন দে ও মালতী রাভা রায়।

হাওড়ার রামরাজাতলায় রাম মন্দিরেও পুজার্চনা করেন বিজেপি নেতা নেতৃরা। উলুবেরিয়া কালিবাড়িতে বিশেষ পুজোপাঠে অংশ নেন হাওড়া গ্রামীন বিজেপি সভাপতি দেবাশিস সামন্ত সহ দলের নেতাকর্মীরা।

পূর্ব বর্ধমানেও জেলা বিজেপির পক্ষ থেকে কালী পুজোর আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন দলের জেলা সাংগঠনিক কার্যকরী সভাপতি বিশ্বজিত পোদ্দার।

আগেই জানানো হয়েছে, ভারতীয় সশস্ত্র বাহিনী আজ সকালে পাকিস্তানের লাহোর সহ একাধিক জায়গার বেশ কয়েকটি এয়ার ডিফেন্স র‍্যাডার এবং সিস্টেম লক্ষ্য করে আক্রমণ চালায়। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, জম্মু কাশ্মীরের কুপওয়ারা, বারামুলা, উড়ি, পুঞ্চ, মেন্ধার এবং রাজৌরি সেক্টরে নিয়ন্ত্রণরেখা বরাবর পাকিস্তান বিনা প্ররোচনায় গোলাগুলি বর্ষনের তীব্রতা বাড়িয়েছে। পাকিস্তানের হামলায় এখনো পর্যন্ত তিন মহিলা এবং ৫ শিশু সহ ১৬ জন নিরপরাধের প্রাণ গেছে।

********************

সাম্প্রতিক পরিস্থিতিতে সরকারি কর্মীদের ছুটি বাতিলের ঘোষণা করল রাজ্য অর্থ দপ্তর। আজ এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি হয়েছে। চিকিৎসাজনিত কারণ ছাড়া এই মুহূর্ত রাজ্য সরকারি কর্মীদের কোন ছুটি অনুমোদিত হবে না বলে বিজ্ঞপ্তিতে জানিয়ে দেওয়া হয়েছে। চিকিৎসার কারণ ছাড়া যারা ছুটি নিয়েছেন, তাঁদের ছুটি বাতিল বলে গণ্য করা হবে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, সাধারণ মানুষের স্বার্থে সরকারের এই সিদ্ধান্ত।

********************

বর্তমান পরিস্থিতির সুযোগ নিয়ে অসাধু ব্যবসায়ীরা যাতে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম না বাড়ায় রাজ্য সরকার সেদিকে কড়া নজর রাখছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে আজ উচ্চ পর্যায়ের এক বৈঠকে একথা জানান। এইজন্য তিনি বাজারে আরো সক্রিয়ভাবে নজরদারির জন্য প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, এই সময় নিজের লাভের কথা না ভেবে সকলকে দেশের কথা আগে ভাবতে হবে। নিজের দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। তা’ না হলে নেওয়া হবে কঠোর ব্যবস্থা। মুখ্যমন্ত্রী বলেন, আলু পেঁয়াজ সহ বিভিন্ন শাকসবজির দাম নিয়ন্ত্রণে থাকলেও মাছ-মাংসের দাম কিছুটা নিয়ন্ত্রণে আনা প্রয়োজন। ‘সুফল

বাংলা’ স্টলগুলিতে আজ থেকে ন্যায্য দামে কাঁচা মাছ বিক্রি করা হচ্ছে বলেও জানান তিনি।

********************

সরকার, পাকিস্তানে তৈরী ওয়েব সিরিজ, ফিল্ম এবং অন্যান্য কন্টেন্ট OTT প্ল্যাটফর্ম এবং মিডিয়া চ্যানেল থেকে সরিয়ে দেওয়ার জন্য বলেছে। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পক্ষ থেকে আজ এক নির্দেশিকা জারি করে সংশ্লিষ্ট পক্ষগুলিকে জানানো হয়েছে, পহেলগাঁও জঙ্গী হামলার প্রেক্ষিতে জাতীয় নিরাপত্তার স্বার্থেই এই সিদ্ধান্ত।

********************

শিক্ষক নিয়োগ দুর্নীতিতে CBI-এর মামলায় পার্থ চট্টোপাধ্যায়ের জামিনের আবেদনের শুনানির উপর ১৭ ই জুলাই পর্যন্ত স্থগিতাদেশ জারি করেছে সুপ্রিমকোর্ট। দুই বিচারপতি সূর্যকান্ত এবং NK সিং রাজ্যকে নির্দেশ দিয়েছেন, শিক্ষক নিয়োগ দুর্নীতিতে পার্থ চট্টোপাধ্যায়ের সহযোগী হিসেবে যে সমস্ত আধিকারিক গ্রেপ্তার হয়েছিলেন, নিম্ন আদালতে তাদের বিরুদ্ধে চার্জ গঠন করে বিচারপর্ব শুরু করার বিষয়ে রাজ্য সরকারকে অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

উল্লেখ্য, কয়েকদিন আগেই রাজ্যপাল সিভি আনন্দ বোস, প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ও প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি মানিক ভট্টাচার্যের বিরুদ্ধে চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরু করার অনুমতি দিয়েছেন।

********************

বিধাননগরে বিকাশ ভবনের সামনে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের ধর্না আজ দ্বিতীয় দিনে’ও চলছে। যোগ্যতালিকা ভুক্ত শিক্ষকরা গতকাল থেকে এই অবস্থান কর্মসূচি শুরু করেছেন। এতে যোগ দিয়েছে চাকরিহারাদের একাধিক সংগঠন।

চাকরিতে পুনর্বহাল ছাড়াও OMR শিটের মিরর ইমেজ প্রকাশের দাবি সহ একগুচ্ছ দাবিতে এই আন্দোলন বলে তাঁরা জানিয়েছেন। আন্দোলনকারীদের পক্ষ থেকে মেহেবুব মন্ডল বলেন, তাঁদের চাকরি বাঁচাতে সরকার কিভাবে এগোতে চাইছে তা

নিয়ে আলোচনা করা হচ্ছে না। শিক্ষামন্ত্রী আশ্বাস দিলেও আইনগত বিষয়ে তাঁদের অন্ধকারে রাখা হচ্ছে বলে তিনি অভিযোগ করেছেন।

********************

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা-CBI, আজ প্রাক্তন শিক্ষা প্রতিমন্ত্রী পরেশ অধিকারীর নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ কর্মী দীপঙ্কর দাসের জলপাইগুড়ি শহরের রেসকোর্স পাড়ার বাড়িতে তল্লাশি অভিযান চালিয়েছে। CBI আধিকারিকরা প্রায় দু-ঘন্টা বাড়ির ভেতর তল্লাশি চালান, বেশ কিছু নথিপত্র খতিয়ে দেখা হয়।

********************

এবারের স্পটলাইট-এর বিষয় 'WAVES'। অংশ নিয়েছেন অ্যানিমেট জোনের কো ফাউন্ডার শুভ্র চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

তৃতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামী রবিবার।

*****************************************************************